গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০১.১৯.১০১

তারিখ: ১১ আষাঢ় ১৪২৬
২৫ জুন ২০১৯

বিষয়: **রিভিউ পিটিশন নং-১৯/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৫.১১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব কে.বি.এম. মাহবুবুর রহমান, পিতা: মৃত মোহসিন আলী, উপ-পরিচালক, নেকটার, বগুড়া; গ্রাম: খান্দার, থানা: বগুড়া সদর, জেলা:বগুড়া এবং অন্যান্যসহ ২৯ জন আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিভিউ পিটিশন নং-১৯/২০১৮ দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলার রিভিউ পিটিশনের আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব কে.বি.এম. মাহবুবুর রহমান গং কর্তৃক এডহক ভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরন বিষয়ে ইতোপূর্বে রিট পিটিশন নং-১০০৮৬/২০১২ মামলাটি দায়ের করা হয়েছিল। উক্ত মামলায় রুল এ্যাবসলিউট করে মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ০৪.০৪.২০১৮ খ্রি: তারিখে নিম্নরূপ রায় দেয়া হয়:

"Accordingly, the Rule is made absolute. There will be no order as to cost. The respondents are hereby directed to regularize the service of the petitioners as per the provisions of এডহক ভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরন বিধিমালা,১৯৯৪ from date of their appointment in their respective posts and also to give all arrear salaries and allowances and all other attendants benefit including increment, selection grade and seniority money from the petitioners within 3 (three) months from the date of receipt of a copy of this Judgment positively."

০৩. মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ০৪.০৪.২০১৮ খ্রি: তারিখে প্রদত্ত উপরিউক্ত আদেশটির রিভিউ চেয়ে আবেদনকারী কর্তৃক রিভিউ পিটিশন নং-১৯/২০১৮ দায়ের করা হয়েছে। এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক রুল নিশির আদেশ জারী করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, সচিব, অর্থ মন্ত্রণালয় মহোদয়-কে ২নং রেসপনডেন্ট, পরিচালক, নেকটার-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ০৫ (পাঁচ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিভিউ পিটিশন নং-১৯/২০১৮মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

পরিচালক
জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
(নেকটার), বগুড়া

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০১.১৯.১০১/১(৭)

তারিখ: ১১ আষাঢ় ১৪২৬
২৫ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) ~~প্রোগ্রামার~~ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি

২৫-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)